গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট
শেরেবাংলা নগর, ঢাকা -১২০৭ ।
Website: www.dmpi.gov.bd
Email: dhakampi1985@gmail.com

**স্মারক নং-৫৭.০৩.০০০০.৩১৫.০০১.১৮.০০০১.২৬-২১৭** **তারিখ: ০৭/০৫/২০২৬**

# নিলাম বিজ্ঞপ্তি

বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয় এর ১৯/০১/২০২৬ তারিখের ২২.০১.০০০০.৪০৪.১৭.০০৫.২৫.১২৭ সংখ্যক পত্র মোতাবেক ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট এর ক্যাম্পাসের অভ্যন্তরে বিবিধ প্রজাতির ছোট-বড় মিলিয়ে ৪৯ (উনপঞ্চাশ)টি বিবিধ প্রজাতির গাছ উন্মুক্ত নিলামে বিক্রয় করা হবে। কাজের বিবরণ নিম্নে দেয়া হলোঃ

| ক্রমিক | কাজের নাম ও বিবরণ | কাজের অবস্থান | দরপত্রের প্রাক্কলিত মূল্য | কার্য সম্পাদন সময়সীমা | উন্মুক্ত নিলাম অনুষ্ঠিত হওয়ার স্থান, তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|
| ০১ | ক্যাম্পাসের অভ্যন্তরে বিবিধ প্রজাতির ছোট-বড় মিলিয়ে ৪৯ (উনপঞ্চাশ)টি গাছ কাটা ও অপসারণসহ (চিহ্নিতকৃত) | ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট। | ১,৪১,৬৯৯/- | ০৭ (সাত) দিন | **স্থানঃ** ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট।<br>**তারিখঃ** ১৭/০৫/২০২৬ খ্রি.<br>**সময়ঃ** ১১.৩০ মিনিট |

## শর্তাবলীঃ

১. ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট, শেরেবাংলা নগর, ঢাকা এর ক্যাম্পাসের অভ্যন্তরে বিবিধ প্রজাতির ছোট-বড় ৪৯ (উনপঞ্চাশ)টি গাছ কাটা ও অপসারণ (চিহ্নিতকৃত) সরেজমিনে দেখে নির্ধারিত তারিখ ও সময়ে উন্মুক্ত নিলামে অংশগ্রহণ করতে হবে।

২. দরপত্রে প্রাক্কলিত মূল্যের ৫০% জামানত হিসেবে সমুদয় অর্থ নিলাম কমিটির নিকট ১৭/০৫/২০২৬ তারিখে সকাল ৯:০০ টা থেকে ১১:০০ টা মধ্যে পূরণকৃত দরপত্রসহ জমা দিয়ে নিলামে অংশগ্রহণকারী হিসেবে তালিকাভুক্ত হতে হবে। সকাল ১১.০০ টা পরে কোন ব্যক্তি/প্রতিষ্ঠানকে তালিকাভুক্ত করা হবে না।

৩. কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদার কর্তৃক ০৭ (সাত) দিনের মধ্যে গাছসমূহ অপসারণ করতে হবে। অন্যথায়, কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে ।

৪. বিক্রিত গাছ/কাঠ/বনজদ্রব্য জেলা/আন্তঃজেলায় পরিবহনের জন্য বনবিভাগ এর নিকট হতে স্থানান্তর পাস(টি.পি) সংগ্রহ করতে হবে। স্থানান্তর পাস ছাড়া কোন প্রকার বনজদ্রব্য পরিবহন/স্থানান্তর করা যাবে না।

৫. বর্ণিত গাছসমূহ শেকড়সহ কাটা ও অপসারণের সময় যদি ইনস্টিটিউট এর কোন স্থাপনা বা কোন জিনিসপত্রের ক্ষয়ক্ষতি হয়, তবে ঠিকাদার/ফার্ম তা নিজ খরচে পূরণ করে দিতে বাধ্য থাকবেন। সমস্ত মালামাল অপসারণপূর্বক এবং খননকৃত মাটি পুনঃভরাট ও সাইট পরিষ্কার সাপেক্ষে জামানত ফেরত দেওয়া হবে।

৬. সর্বোচ্চ দরদাতা কৃতকার্য দরদাতা হিসেবে বিবেচিত হবে।

৭. **সর্বোচ্চ কৃতকার্য ডাককারীকে ডাকমূল্যের ১৫% ভ্যাট ও ৫% আয়করসহ ডাকের সমুদয় অর্থ নিলাম অনুষ্ঠিত হওয়ার পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে পরিশোধ করতে হবে।**

৮. দরপত্রের সাথে জাতীয় পরিচয় পত্রের কপি, প্রতিষ্ঠানের প্যাড, হালনাগাদ ট্রেড লাইসেন্স, মালিকানার কপি, হালনাগাদ আয়কর প্রত্যায়নের কপি এবং হালনাগাদ ভ্যাট রেজিস্ট্রেশন এর কপি (সকল কপি সত্যায়িত হতে হবে) জমা দিতে হবে।

৯. দরপত্র সংগ্রহের স্থান : অধ্যক্ষের কার্যালয়, ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট, ঢাকা।

১০. দরপত্র সংগ্রহের তারিখ ও সময় : ১০/০৫/২০২৬ তারিখ বেলা ০৯.০০ টা থেকে ১৬/০৫/২০২৬ তারিখ বেলা ০৩.০০ টা পর্যন্ত।

১১. দরপত্র জমা দেয়ার স্থান : অধ্যক্ষের কার্যালয়, ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট, ঢাকা।

১২. দরপত্র জমা দেয়ার তারিখ ও সময় : ১৭/০৫/২০২৬ তারিখ বেলা ০৯.০০ টা থেকে বেলা ১১.০০ টা পর্যন্ত।

১৩. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ, সংশোধন বা বাতিল করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৪. নিলামে কৃতকার্য ঠিকাদার/ফার্ম নিলাম মূল্য সঠিক সময় জমা দিতে ব্যর্থ হলে পর্যায়ক্রমে পরবর্তী দ্বিতীয় ও তৃতীয় দরদাতাকে কার্যাদেশ প্রাপ্তির যোগ্য বলে বিবেচনা করা হবে।

১৫. যদি কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান প্রকাশ্য নিলাম ডাক চলাকালীন সময়ে নিলাম ডাকে কোন প্রকার বিঘ্ন সৃষ্টি করেন, তবে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে অনুরূপ ব্যক্তি/প্রতিষ্ঠানের জমাকৃত জামানত বাজেয়াপ্ত করা হবে।

07.05.26

(প্রকৌশলী মোঃ খোরশেদ আলম)
অধ্যক্ষ
ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট
শেরেবাংলা নগর, ঢাকা -১২০৭ ।
Website: www.dmpi.gov.bd
Email: dhakampi1985@gmail.com

**স্মারক নং: ৫১.০৩.০০০০.৩১৫.০০১.৯৯.০০০১.২৬-২১৪** **তারিখ: ০৬/০৫/২০২৬ খ্রিঃ।**

# "দরপত্র বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট, শেরেবাংলা নগর, ঢাকা এর পুরাতন টিনশেড ভবন ও ০৩ (তিন) তলা বিশিষ্ট অবকাঠামোটি ভেঙ্গে উদ্ধারযোগ্য মালামাল ক্রয়ের জন্য যোগ্য দরপত্রদাতাদের নিকট হতে সিলকৃত দরপত্র (Sealed Tender) এর মাধ্যমে বর্ণিত শর্তাধীনে দরপত্র আহবান করা যাচ্ছে। ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটে প্রস্তাবিত ১০ তলা বিশিষ্ট শিক্ষক ও কর্মচারী আবাসিক ভবন নির্মাণে ০৩ তলা বিশিষ্ট (পুরাতন) একটি ভবন, ০২ টি টিনশেড রুম এবং ১০ তলা বিশিষ্ট একাডেমিক কাম ওয়ার্কশপ ভবন নির্মাণে ০২ টি টিনশেড অবকাঠামোর যাবতীয় জ্ঞাতব্য সম্বলিত শিডিউল নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে সকাল ০৯:০০ টা হতে দুপুর ১:০০ টা পর্যন্ত প্রকৃত অবস্থা দেখে সংগ্রহ করা যাবে।

১। মন্ত্রণালয়/বিভাগ: শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

২। এজেন্সী: ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট, শেরেবাংলা নগর, ঢাকা

৩। কাজের নাম: ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট, শেরেবাংলা নগর, ঢাকা- এর পুরাতন ৪টি টিনশেড ভবন ও একটি ০৩ (তিন) তলা বিশিষ্ট ভবন

৪। নিলাম পদ্ধতি: Sealed Tender

৫. নিলামের আবেদন/দরপত্র দাখিল/দরপত্র খোলার তারিখ ও সময়:

| ক্রমিক | সিডিউল ক্রয়ের সর্বশেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় | সিডিউল বিক্রয় ও গ্রহণের সময় | দরপত্র খোলার সময় ও স্থান |
|---|---|---|---|---|
| ১. | ১৬ মে, ২০২৬ দুপুর ০৩.০০ টা পর্যন্ত | ১৭ মে, ২০২৬ দুপুর ১২.০০ টা পর্যন্ত | অধ্যক্ষের কার্যালয়, ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট, শেরেবাংলা নগর, ঢাকা | অধ্যক্ষের কার্যালয়, ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট, শেরেবাংলা নগর, ঢাকা |

## শর্তাবলী

১। আগামী ১০.০৫.২০২৬ হতে ১৬.০৫.২০২৬ তারিখ পর্যন্ত প্রতিদিন সকাল ১০.০০ টা পর্যন্ত সিডিউল ক্রয় করা যাবে।

২। উল্লিখিত তারিখ, সময় এবং নির্ধারিত স্থানে রক্ষিত দরপত্র বাক্সে বন্ধ খামে দরপত্র দাখিল করতে হবে।

৩। প্রতিটি সিডিউল মূল্য ১০০০/-(এক হাজার) টাকা (অফেরতযোগ্য)।

৪। সিডিউল ক্রেতার তালিকায় দরপত্রদাতা প্রতিষ্ঠানের নাম না থাকলে দরপত্র কোন অবস্থাতেই গ্রহণ করা হবে না।

৫। দরপত্রে সিডিউলের মোট টাকার পরিমাণ উল্লেখ করতে হবে।

৬। নিলামে অংশ গ্রহণকারী প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর পরিশোধ সংক্রান্ত ডকুমেন্ট, ভ্যাট নিবন্ধন সনদপত্র ও জাতীয় পরিচয়পত্র (NID) এর সত্যায়িত অনুলিপি সংযুক্ত থাকতে হবে।

৭। দরপত্রে উল্লিখিত দরে টাকা বা অংকে কোন ঘষামাজা বা ওভার রাইটিং হলে উক্ত দরপত্র তাৎক্ষনিক বাতিল বলে গন্য হবে।

৮। দরপত্রে সিডিউলের প্রতিটি পাতায় দরপত্রদাতার স্বাক্ষর থাকতে হবে।

৯। দরপত্রের সাথে দাখিলকৃত দরের ৫০% টাকা জামানত হিসাবে পে-অর্ডার অথবা ব্যাংক ড্রাফট অধ্যক্ষ, ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট, শেরেবাংলা নগর, ঢাকা বরাবর দরপত্র প্রস্তাবের সাথে দাখিল করতে হবে (যাহা ফেরতযোগ্য)। সম্পূর্ণ কাজ সম্পন্ন সাপেক্ষে উক্ত টাকা ফেরত প্রদান করা হবে।

১০। বিদ্যমান ভবনের ভিতসহ সমস্ত মালামাল অপসারণপূর্বক এবং খননকৃত মাটি পুনঃভরাট ও সাইট পরিষ্কার সাপেক্ষে জামানত ফেরত দেওয়া হবে।

১১। সর্বোচ্চ দরদাতা কৃতকার্য দরদাতা হিসাবে বিবেচিত হবে।

১২। কৃতকার্য দরদাতাকে ভ্যাট আইটিসহ সমুদয় অর্থ দরপত্র অনুষ্ঠিত হওয়ার পরবর্তী ০৩ (তিন) কার্য দিবসের মধ্যে পে-অর্ডার অথবা ব্যাংক ড্রাফট অধ্যক্ষ, ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট, শেরেবাংলা নগর, ঢাকা বরাবর জমাদান সাপেক্ষে কার্যাদেশ প্রদান করা

হবে। কৃতকার্য দরদাতা উক্ত মূল্য জমাদানে ব্যর্থ হলে পর্যায়ক্রমে দ্বিতীয় ও তৃতীয় দরদাতাকে কার্যাদেশ প্রাপ্তির যোগ্য বলে বিবেচনা করা হবে।

১৩। ০৩তলা বিশিষ্ট ভবন ও  টিনশেড ভাঙ্গার কার্যক্রম কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী শুরু করতে হবে। ভবন/ টিনশেড ভাঙ্গার সময় কোন ধরনের দুর্ঘটনা হলে তার দায়িত্ব নিলাম গ্রহণকারী/ঠিকাদারকে বহন করতে হবে।

১৪। কার্যাদেশ প্রদানের পর নিলাম গ্রহনকারী/ঠিকাদার উদ্ধৃত দত্রের উপর ১৫% ভ্যাট ও ৫% আইটিসহ সমুদ্বয় অর্থ ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে পরিশোধ করে পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিজ খরচে ভবন সম্পূর্ণ ভেঙ্গে উপযুক্ত পরিবেশ তৈরী করে দিতে হবে।

১৫। অধ্যক্ষ, ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট, শেরেবাংলা নগর, ঢাকা এর অনুমতি ব্যতিরেকে নিলাম গ্রহনকারী/ঠিকাদারের পক্ষে কাজ পরিচালনার জন্য' প্রতিনিধি নিযুক্ত করতে পারবেন না। নিলাম গ্রহনকারী/ঠিকাদার তার প্রতিনিধি ও দিন মজুরদের পূর্ণ বিবরণ নিরাপত্তা কর্মকর্তার নিকট দাখিল করে কাজ শুরুর অনুমতি নিতে হবে। তার নিযুক্ত প্রতিনিধি অথবা দিনমজুরগণ যদি কোন বে-আইনী কাজ করেন তজ্জন্যে নিলাম গ্রণকারী/ঠিকাদার সম্পূর্ণভাবে দায়ী থাকবেন।

১৬। ভবন ও টিনশেড অবকাঠামো ভাঙ্গার সময় প্রতিষ্ঠানের কোন কিছু ব্যবহার করতে পারবেন না।

১৭। আগামী ১৭ মে ২০২৬ তারিখ দুপুর ১২:৩০ টা উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকে) দরপত্র বাক্স খোলা হবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার সব সময় ক্ষমতা সংরক্ষণ করে।

১৯। নিলামে শর্তাবলী উল্লেখ নেই এমন কোন কিছু প্রয়োজন হলে সরকারি বিধি কার্যকর হবে।

২০। যদি কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান প্রকাশ্য নিলাম ডাক চলাকালীন সময়ে নিলাম ডাকে কোন প্রকার বিঘ্ন সৃষ্টি করেন, তবে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে অনুরূপ ব্যক্তি/প্রতিষ্ঠানের জমাকৃত জামানত বাজেয়াপ্ত করা হবে।

06.05.26

(প্রকৌশলী মোঃ খোরশেদ আলম)
অধ্যক্ষ
ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট
ফোনঃ ০২-৫৫০০৭১৬৯।